



## ইস্ট ওয়েস্ট ভার্শিটিতে 'আইন ও অর্থনীতি' বিষয়ক সেমিনার

প্রকাশিত: ০৭ - নভেম্বর, ২০১৮ ১২:০০ এ. এম.

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের আয়োজনে 'আইন ও অর্থনীতি নিয়ে আন্তঃবিভাগীয় সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে মূল বক্তা ছিলেন বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. এ কে এনামুল হক। তিনি আইন তৈরির সময় অর্থনৈতিকভাবে তা কার্যকর কি না সেটা যাচাই করার পরামর্শ দেন। সেই সঙ্গে আইন প্রণয়নের মাধ্যমে যেন ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে ন্যায্য প্রতিযোগিতা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করা যায় এমন ব্যবস্থার কথাও বলেন। গত ৪ নবেম্বর রবিবার রাজধানীর আফতাবনগরের ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারম্যান মোঃ ইকবাল খান চৌধুরী। -বিজ্ঞপ্তি

বাউয়েট ক্যাম্পাসে স্টুডেন্ট ম্যানেজমেন্ট সফ্টওয়্যার উদ্বোধন

রবিবার বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এ্যান্ড টেকনোলজি (বাউয়েট) ক্যাম্পাসের স্কাইলাইট হলে বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ব্রিগেডিয়ার জেনারেল (অব) এএইচএম শহীদউল্লাহ, পিএসসি প্রধান অতিথি হিসেবে 'স্টুডেন্ট ম্যানেজমেন্ট সফ্টওয়্যার' উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রক্টর, ছাত্রকল্যাণ উপদেষ্টা, ডেপুটি রেজিস্ট্রারসহ অন্য বিভাগের শিক্ষকম-লী, ছাত্র-ছাত্রী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্র: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

